



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস রিলিজ

তারিখঃ ২৮.১০.২০১৭ খ্রি:

বরিশাল বিশ্ববিদ্যালয়ে আন্তঃবিভাগ

ফুটবল প্রতিযোগিতা ২০১৭'র ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয় আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতা (ছাত্র) ২০১৭'র ফাইনাল খেলা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়েছে। অদ্য ২৮ অক্টোবর দুপুর ২ টায় অনুষ্ঠানের প্রধান অতিথি মাননীয় উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক এ খেলার উদ্বোধন করেন। এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজাররা অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান। এছাড়া অন্যান্যদের মধ্যে আরও উপস্থিত ছিলেন শারীরিক শিক্ষা দপ্তরের পরিচালক ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক মো. তরিকুল হক, প্রক্টর (ভারপ্রাপ্ত) এবং উদ্ভিদ বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ড. সুব্রত কুমার দাস, শেরে বাংলা হলের প্রভোস্ট ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগের চেয়ারম্যান মো: ইব্রাহীম মোল্লা, বাংলা বিভাগের চেয়ারম্যান শারমিন আক্তার, ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগের প্রভাষক মো: সাইফুদ্দীন রাশেদ, মো: মাহাতাব উদ্দীন, বাংলা বিভাগের প্রভাষক সানজীদা মাসুদ, সুলতানা নাজনীন, উন্মেষ রায়, বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ভূ-তত্ত্ব ও খনিবিদ্যা বিভাগের প্রভাষক আবু জাফর মিয়া, বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল শাখার উপ-প্রধান প্রকৌশলী মো: আবুল বাসার, সহকারী রেজিস্ট্রার (উপাচার্য মহোদয়ের প্রটোকল ও লিয়াজো) দিদার হোসেন খান সহ শারীরিক শিক্ষা দপ্তরের সহকারী পরিচালক বাহাউদ্দীন গোলাপ এবং ক্রীড়া দপ্তরের অন্যান্যরা। বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগ ও বাংলা বিভাগের মধ্যে আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতার ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়। খেলায় ট্রাইবেকারে বাংলা বিভাগ ২-১ গোলে জয়লাভ করে। অনুষ্ঠান শেষে আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতা (ছাত্র) ২০১৭'র ফাইনাল খেলায় চ্যাম্পিয়ন বাংলা বিভাগ ও রানার্সআপ ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগের এর খেলোয়ারদের মধ্যে পুরস্কার (মেডেল ও ট্রফি) বিতরণ করেন অনুষ্ঠানের প্রধান অতিথি ও বিশেষ অতিথি মহোদয়। জমজমাট এ ফুটবল প্রতিযোগিতার দর্শক হিসেবে উভয় বিভাগের শিক্ষার্থীবৃন্দ সহ বিশ্ববিদ্যালয়ের অন্যান্য বিভাগের শিক্ষার্থীরাও উপস্থিত ছিলেন। উল্লেখ্য গত ১৬ অক্টোবর ২০১৭ তারিখ বিশ্ববিদ্যালয়ের ১৮ টি বিভাগের অংশগ্রহণে এ আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতা শুরু হয়েছিল।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)

জনসংযোগ অফিস